যুগান্তর

তারিখ 24 MAY 2007
পৃষ্ঠা ১২ কলাম ৫

# সিলেটে কিন্ডারগার্টেন স্কুলগুলোতে কর্তৃপক্ষের শুদ্ধি অভিযান

সিলেট ব্যুরো

সিলেটে কিন্ডারগার্টেন, জুনিয়র ক্যামব্রিজ, সিনিয়র ক্যামব্রিজ বা সমমানের স্কুলগুলো মানসম্মত করতে শুদ্ধি অভিযানে নেমেছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। কর্তৃপক্ষের অনুমোদন ছাড়া কোন প্রতিষ্ঠান চলবে না। অনুমতি নিয়েই স্কুলগুলোর কার্যক্রম চালাতে হবে। অনুমোদন ছাড়া কার্যক্রম চালালে নীতিমালা অনুসারে বিহিত ব্যবস্থা নেয়া হবে বলে কর্তৃপক্ষ জানিয়েছে। অনুমোদনের জন্য কিন্ডারগার্টেন স্কুলগুলো বিভাগীয় প্রাথমিক শিক্ষা, জুনিয়র ক্যামব্রিজ স্কুলগুলো মাধ্যমিক ও উচ্চশিক্ষা সিলেট অঞ্চলের অফিসে এবং সিনিয়র ক্যামব্রিজ স্কুলগুলোকে সিলেট শিক্ষা বোর্ড বরাবর আবেদন করতে হবে। সিলেট বিভাগের ২৮টি কিন্ডারগার্টেন ও ৪৭টি জুনিয়র ক্যামব্রিজ বা সমমানের স্কুল আবেদন করেছে। আবেদনের পরিপ্রেক্ষিতে ৩৩টি জুনিয়র ক্যামব্রিজ স্কুলকে অনুমোদন দেয়া হয়েছে। কোন কিন্ডারগার্টেন স্কুলকে এখনও অনুমোদন দেয়া হয়নি। সূত্র জানিয়েছে, স্কুলগুলো এখনও অনুমোদন ছাড়া চলার বিভিন্ন ফন্দি আঁটছে। গাফিলতি করে এখনও অনেক স্কুল অনুমোদনের আবেদন করেনি। এ ব্যাপারে সিলেট শিক্ষা বোর্ড চেয়ারম্যান আবদুল খালেক জানান, সরকারি বিধিমালা উপেক্ষা করে যেসব স্কুল চলছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। এ নিয়ে মন্ত্রণালয় কঠোর ব্যবস্থা নেয়ার জন্য নীতিমালা করতে যাচ্ছে। জানা গেছে, সিলেট বিভাগে বেসরকারি কিন্ডারগার্টেন, জুনিয়র বা সিনিয়র ক্যামব্রিজ ও সমমানের প্রায় দেড়শ' স্কুল রয়েছে। স্কুলগুলোর অধিকাংশই মানসম্মত নয়। একাডেমিক ভবন, ক্লাসরুম, শিক্ষার উপকরণসহ বিভিন্ন সমস্যা নিয়ে স্কুলগুলো পরিচালিত হচ্ছে। কোনরকম বিধিমালার তোয়াক্কা না করে স্কুলগুলো প্রতিষ্ঠা করা হয়েছে। বাসাবাড়ি, মার্কেটের উপরতলা, দোকানের পাশের রুম ভাড়া নিয়ে স্কুলগুলো চলছে। অভিযোগ রয়েছে, মানসম্মত লেখাপড়া না হওয়ায় এসব স্কুলের অধিকাংশ শিক্ষার্থী স্ট্যান্ডার্ড ওয়ান, টু ও থ্রিতে পড়ার পর অন্যত্র চলে যায়।